# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৬১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬২]

পর্ব-৭: আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ২১: ক্বাযা সালাতের আযান

## الأذان للفائت من الصلوات

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ، قال: حَدَّثَنَا يَحْيَى، قال: حَدَّثَنَا ابْنُ أَبِي ذِئْبٍ، قال: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي سَعِيدٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي سَعِيدٍ، عَنْ أَبِيهِ، قال: شَغَلَنَا الْمُشْرِكُونَ يَوْمَ الْخَنْدَقِ عَنْ صَلَاةِ الظُّهْرِ حَتَّى غَرَبَتِ الشَّمْسُ، وَذَلِكَ قَبْلَ أَنْ يَنْزِلَ فِي الْقِتَالِ مَا نَزَلَ، فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَكَفَى اللَّهُ الْمُؤْمِنِينَ الْقِتَالَ سورة الأحزاب آية 25، فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِلَالًا، فَأَقَامَ لِصَلَاةِ الظُّهْرِ فَصَلَّاهَا كَمَا كَانَ يُصَلِّيهَا لِوَقْتِهَا، ثُمَّ أَقَامَ لِلْعَصْرِ فَصَلَّاهَا كَمَا كَانَ يُصَلِّيهَا لِوَقْتِهَا، ثُمَّ أَذَّنَ لِلْمَغْرِبِ فَصَلَّاهَا كَمَا كَانَ يُصَلِّيهَا لِوَقْتِهَا .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ۴۱۲٦)، مسند احمد ۳/۲۵، ۴۹، ٦٧، سنن الدارمی/الصلاة ١٨٦ (١٥٦٥) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 662 ـ صحيح

বাংলা

৬৬১. ’আমর ইবনু ’আলী (রহ.)..... আবু সাঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, খন্দকের যুদ্ধের দিন মুশরিকরা আমাদেরকে যুহরের সালাত হতে সূর্য অস্ত যাওয়া পর্যন্ত ব্যস্ত রেখেছিল। তা যুদ্ধের সময় সালাতুল খওফ সম্পর্কিত আয়াত অবতীর্ণ হওয়ার আগের ঘটনা। তারপর আল্লাহ তা’আলা এ আয়াত অবতীর্ণ করেন- “যুদ্ধে মুমিনদের জন্যে আল্লাহই যথেষ্ট”- (সূরা আল আহযাব ৩৩: ২৫)।
তারপর রাসূলুল্লাহ (সা.) বিলাল (রাঃ)-কে ইকামত দেয়ার আদেশ করলেন। তিনি যুহরের সালাতের ইকামত দেন। নবী (সা.) সালাতের প্রকৃত ওয়াক্তে আদায় করার মতো যুহরের কাযা সালাত আদায় করেন। পরে

'আসরের জন্যে ইকামত বলা হয়। রাসূলুল্লাহ (সা.) তখন সালাতের প্রকৃত ওয়াক্তে আদায় করার ন্যায় 'আসরের কাযা সালাত আদায় করেন। তারপর মাগরিবের আযান দেয়া হয় এবং তা নির্ধারিত সময়ে আদায় করার ন্যায় আদায় করেন।

## English

21. Adhan For A Missed Prayer

It was narrated from 'Abdur-Rahman bin Abi Sa'eed that his father said: On the day of Al-Khandaq the idolators kept us from praying Zuhr until the sun had gone down; that was before the revelation concerning fighting was revealed. Then Allah, the Mighty and Sublime, revealed: Allah sufficed for the believers in the fighting.[1] The Messenger of Allah (ﷺ) commanded Bilal to say the Iqamah for Zuhr prayer, and he offered it just as he used to offer it on time. Then he said the Iqamah for 'Asr and he offered it just as he used to offer it on time. Then he called the Adhan for Maghrib and offered it on time.

[1] Al-Ahzab 33:25.

### ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ ১১২১৪, দারিমী ১৫২৪, সহীহ ইবনু খুযায়মাহ্ (২/৯৯) হাঃ ৯৯৬, ইরওয়াউল গালীল ১/২৫৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87035

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন